

RBI/2005-06/296

DGBA.GAD.No. H. 11303 /45.01.003/2005-06

ফেব্রুয়ারী ০৬, ২০০৬
১৭ মাঘ, ১৯২৯(শকাব্দ)

সমস্ত পেনশনপ্রদানকারী ব্যাংকগুলিকে
(সংযুক্ত তালিকার অনুযায়ী)

মহাশয়,

রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংকের মাধ্যমে পেনশন বিতরণ- মহার্ঘভাতা প্রদান

ভারতীয় রিজার্ভ ব্যাংক পেনশনকারীদের থেকে বহু অভিযোগ পাচ্ছে, সরকার দ্বারা সময়ে সময়ে ঘোষিত, এজেন্সি ব্যাংক দ্বারা মহার্ঘভাতা(ডি আর)/অন্যান্য ভাতাপ্রদানের বিলম্ব হওয়ার সম্পর্কে।

২। সরকারের দ্বারা প্রদত্ত আদেশ এবং মহার্ঘভাতা(ডি আর)এবং অন্যান্য ভাতাপ্রদানের মধ্যে বিলম্ব দূর করার জন্যে পেনশনপ্রদানকারী ব্যাংকগুলিকে নির্দেশ দেওয়া হয়েছিল আমাদের ১২এপ্রিল, ২০০৩ তারিখের সার্কুলার নং .DGBA.GAD No.H-506/45.01.001/2002-03 ও সেপ্টেম্বর ৮ ২০০৪ তারিখের সার্কুলারনং DGBA.GAD.H-177/ 45.01.003/2004-05 এর মাধ্যমে।ওই সার্কুলারগুলির অনুসারে পেনশনপ্রদানকারী ব্যাংকগুলিকে ভারতীয় রিজার্ভ ব্যাংকের কাছ থেকে আরো নির্দেশে পাওয়ার অপেক্ষা না করে সরাসরি কাজ করতে বলা হয়েছে সেই আদেশের অনুসারে যা সরকার দ্বারা সরবরাহ করা হবে ডাক/ফ্যাক্স/ই মেলের মাধ্যমে বা যেটা তারা পাবে স্বক্ৰিয় ক্ষমতাপ্রাপ্ত পেনশনপ্রদানকারীদের ওয়েবসাইটে গিয়ে।

৩। আমরা আবার আবেদন করছি যে পেনশনপ্রদানকারী ব্যাংক একটি কর্মপদ্ধতি চালু করুক যাতে তারা অবিলম্বে সরকারী আদেশের অনুলিপি পেতে পারেন এবং পেনশনপ্রদানকারী ব্যাংক শাখাগুলিতে পাঠাতে পারেন যাতে তারাও এই ভিত্তিতে কাজ করতে পারে।অভিপ্রায় এই যে সরকার দ্বারা ঘোষিত ভাতা পেনশনকারীরা পেতে পারেন পরবর্তী মাসের পেনশনপ্রদানের সময়েই।নিয়ন্ত্রণকারী দপ্তর/এজেন্সি ব্যাংকগুলির প্রধান দপ্তরদের নিবিড় ভাবে দেখাশোনা এবং পর্যবেক্ষণ করা উচিত পেনশন যাতে সময়মত এবং সঠিক সরকারী পেনশন যোগ্য পেনশনকারীদের দেওয়া হয়।

৪। আমরা আরো পরামর্শ দিচ্ছি যে কেন্দ্রীয় সিভিল এবং রেলওয়ে পেনশনকারীদের ক্ষেত্রে যেন পেনশনপ্রদানকারী ব্যাংকগুলি পাস বইএর প্রথমপৃষ্ঠার নমিনেশন ফর্ম এ ও বি এর অনুযায়ী নমিনীদের নামগুলি চিহ্নিত করে। শাখাগুলিকে পরামর্শ দেওয়া যেতে পারে যাতে তারা স্কিমস ফর ডিসবার্সমেন্ট অফ পেনশনস টু পেনশনরস বাই পাবলিক সেক্টর ব্যাংক এ দেওয়া পদ্ধতিগুলি নিষ্ঠার সঙ্গে মেনে চলে।

৫। পেনশনপ্রদান স্কিম/নিয়ম সম্বন্ধে কর্মচারীদের আরো ভালোভাবে সচেতন করার জন্যে ব্যাংকগুলি এই বিষয়টি তাদের প্রশিক্ষণ প্রতিষ্ঠান দ্বারা পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের অচ্ছেদ্য বিষয় হিসেবে অন্তর্ভুক্ত করতে পারে।আমরা আরো পরামর্শ দিচ্ছি যে কর্মচারী ও অফিসারদের মূল্যায়নের ক্ষেত্রে পেনশন সংক্রান্ত নিয়মকানুনের জ্ঞানকে উপযুক্ত গুরুত্ব দেওয়া হোক।

৬। এ সম্পর্কে যা ব্যবস্থা নেওয়া হয়েছে তা সম্পর্কে আমাদের জানান।

ইতি ভবদীয়

(এম টি ভার্গিস)
জেনারেল ম্যানেজার